

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 22-04-2025

**Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

Garia-Barshabaran CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন গড়িয়া উৎসব রাজ্যের জনজাতি সম্প্রদায়ের একটি অন্যতম চিরাচরিত উৎসব। এর মাধ্যমে রাজ্যে জাতি জনজাতির মধ্যে মেলবন্ধন তৈরি হয়। গতকাল স্বামী বিবেকানন্দ ময়দানে দু'দিনব্যাপী গড়িয়া ও বর্ষবরণ উৎসবের উদ্বোধন করে একথা বলেন তিনি। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এবং জনজাতি কল্যাণ দপ্তর, পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদ, আগরতলা পুরনিগম ও পানতীয় স্পোর্টিং সোসাইটির সহযোগিতায় এই অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যের হারিয়ে যাওয়া সংস্কৃতিকে পুনরুদ্ধারের লক্ষ্যে তথ্য ও সংস্কৃতি দপ্তর বছরব্যাপী কাজ করে যাচ্ছে। পাশাপাশি তথ্য ও সংস্কৃতি দপ্তরের মাধ্যমে যাত্রা শিল্প, নাটক, পুতুল নাচ ইত্যাদি পুনরুজ্জীবিত করারও উদ্যোগ নেওয়া হয়েছে।

Byte-CM#####

Gariya Puja-Sepahijala :

ধর্মীয় রীতিনীতি মেনে সিপাহীজলা জেলার বিভিন্ন স্থানেও গতকাল গড়িয়া পূজা অনুষ্ঠিত হয়। চড়িলাম ব্লকের অধীন কড়ুইমুড়ার বৈরাগী মুড়াতেও এই পূজা ঘিরে উৎসাহ উদ্দীপনা পরিলক্ষিত হয়।

CM inauguration :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ পশ্চিম জেলার ছয়টি বিদ্যালয়ের নতুন পাকা ভবনের ভাটুয়ালি উদ্বোধন করবেন। আমতলি উচ্চতর

মাধ্যমিক বিদ্যালয় থেকে ভার্চুয়ালি হেনরি ডিরোজিও একাডেমি, গান্ধীগ্ৰাম উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়, তালতলা উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়, ইন্দ্রনগর উচ্চ মাধ্যমিক বিদ্যালয় এবং নন্দনগর উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের নতুন পাকা ভবনের উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী।

Civil Services Day-PM :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে তাঁর সরকার যে নীতিমালা নিয়ে কাজ করছে তা আগামী এক হাজার বছরের ভবিষ্যৎকে রূপ দেবে। শ্রী মোদী সকলকে এই অভিন্ন দৃষ্টিভঙ্গির জন্য প্রতিদিন এবং প্রতিটি মুহূর্তে অক্লান্ত পরিশ্রম করার আহ্বান জানিয়েছেন। গতকাল নতুনদিল্লিতে সপ্তদশ সিভিল সার্ভিস দিবস উপলক্ষে সরকারি কর্মচারীদের উদ্দেশ্যে ভাষণে প্রধানমন্ত্রী বলেন, গত ১০ থেকে ১১ বছরের সাফল্য একটি উন্নত ভারতের জন্য একটি শক্তিশালী ভিত্তি তৈরি করেছে। তিনি একটি উন্নত জাতির লক্ষ্য অর্জনে সম্মিলিত প্রচেষ্টা এবং দৃঢ় সংকল্পের গুরুত্বের উপরও জোর দিয়েছেন।

Gomati-Dhalai Award :

নয়াদিল্লিতে অনুষ্ঠিত ১৭তম সিভিল সার্ভিসেস দিবস অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী রাজ্যের গোমতী জেলা এবং ধলাই জেলার গঙ্গানগর ব্লকে পি.এম.-এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০২৪ প্রদান করেন। জেলার সামগ্রিক উন্নয়ন বিভাগে গোমতী জেলা এবং অ্যাসপিরেশনাল ব্লক প্রোগ্রামে উৎকর্ষতার জন্য ধলাই জেলার গঙ্গানগর ব্লক এই পুরস্কার লাভ করে। গোমতী জেলার জেলাশাসক তড়িৎ কান্তি চাকমা এবং ধলাই জেলার জেলাশাসক সাজু ওয়াহিদ এ এই পুরস্কার গ্রহণ করেন।

Maan-Ki-Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৭শে এপ্রিল, রবিবার আকাশবাণীতে 'মন কি বাত' অনুষ্ঠানের ১২১তম পর্বে দেশ ও বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। জনগণ এই অনুষ্ঠানের জন্য তাদের মতামত এবং পরামর্শ ১৮০০-১১-৭৮০০ টোল-ফ্রি নম্বরের মাধ্যমে পাঠাতে পারবেন। নরেন্দ্র মোদী অ্যাপ অথবা মাইগভ ওপেন ফোরামের মাধ্যমেও মতামত জানানো যাবে। এই পরামর্শ এমাসের ২৫ তারিখ পর্যন্ত গ্রহণ করা হবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

Finance Minister :

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দূরদর্শী নেতৃত্ব এবং সরকারের গৃহীত বিভিন্ন জনকল্যাণমূলক উদ্যোগের ফলে ভারত দ্রুত বিকাশশীল অর্থনীতির দেশে পরিণত হয়েছে। ক্যালিফোর্নিয়ার সানফ্রান্সিসকোতে প্রবাসী ভারতীয়দের উদ্দেশে গতকাল তিনি বলেন, বিশ্ব বাণিজ্যের চালিকাশক্তি হয়ে ওঠার সম্ভাবনা যে ভারতের মধ্যে রয়েছে, আন্তর্জাতিক মুদ্রা তহবিল - IMF এবং বিশ্ব ব্যাঙ্কও তা স্বীকার করে নিয়েছে।

Akshar Publication :

প্রবাদ প্রতিম সাহিত্যিক সেক্সপিয়রের জন্মজয়ন্তী উপলক্ষে এবছরও "অক্ষর পাবলিকেশন এর উদ্যোগে আগামী ২৩শে এপ্রিল বিশ্ব পুস্তক দিবস উদযাপন করা হবে। গতকাল আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে প্রকাশক সুভব্রত দেব জানান, ওই দিন সুকান্ত একাডেমিতে এক আলোচনাচক্রের আয়োজন করা হবে।

Weather :

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের দক্ষিণ এবং সিপাহীজলা জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বর্ষণের সতর্কতা জারি করা হয়েছে। এছাড়া অন্যান্য সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুৎ সহ ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সতর্কতা জারি করা হয়েছে। আজ দিনের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৪ ডিগ্রি সেলসিয়াস।
